**একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

ভূমিকম্পের মত বড় দুর্ঘটনায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের করণীয় বিষয়ে ২৩ নভেম্বর ২০২৫ তারিখ
**অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ব্রিগেডিয়ার জেনারেল মুহাম্মদ জাহেদ কামাল, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি<br>মহাপরিচালক |
| তারিখ | : | ২৩ নভেম্বর, ২০২৫ |
| সভার সময় | : | ১১.০০ ঘটিকা |
| স্থান | : | সম্মেলন কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর । |
| উপস্থিতি | : | সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের নামের তালিকা 'পরিশিষ্ট-ক'। |

সভায় সরাসরি ও ভিটিসি এর মাধ্যমে সংযুক্ত পরিচালকগণ, সকল বিভাগ ও অধিদপ্তরের উপপরিচালকগণ, সহকারী পরিচালকগণ ও উপসহকারী পরিচালকগণ এর সাথে উপস্থিত সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে মহাপরিচালক মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। শুরুতে ভূমিকম্পজনিত দুর্ঘটনায় নিহত ও আহতদের জন্য অত্যন্ত দুঃখ প্রকাশ করেন। ভবিষ্যতে ভূমিকম্পের মত দুর্ঘটনায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর যেন যথাযথভাবে স্বীয় দায়িত্ব সুষ্ঠুভাবে পরিচালনা করতে পারে সেজন্য মহাপরিচালক মহোদয় সকলকে প্রস্তুত থাকার আহবান জানান। দুর্যোগকলীন সময়ে অপারেশনাল কার্যক্রম সঠিকভাবে পরিচালনার নিমিত্ত তিনি সভায় উপস্থিত সকলকে নিম্নবর্ণিত প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন।

এ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: | বিষয় | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | স্টেশন ও আবাসিক ভবন সার্ভে সংক্রান্ত | সংঘটিত ভূমিকম্পের কারণে অফিস, স্টেশন ও কোয়ার্টার সমূহ সার্ভে করে যেসব ভবনে সমস্যা হয়েছে তা দ্রুত সমাধানে কার্যক্রম গ্রহণের জন্য বলা হয়। কনডেম ঘোষণার জন্য গনপূর্ত বিভাগে প্রেরিত ৫৪টি ফায়ার স্টেশনের ফিজিবিলিটি স্টাডিকরত ডিপিপি প্রণয়নের নির্দেশনা প্রদান করা হয়। ঝুঁকিপূর্ণ/ফাটলধরা ভবনসমূহে বসবাস না করে খালি করার নোটিশ প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। কনডেম ঘোষিত ও বাসা ছাড়ার নোটিশপ্রদানকৃত বাসাসমূহ দ্রুত ছেড়ে দেয়ার জন্য বলা হয়। সভায় উপস্থিত গনপুর্ত বিভাগের প্রতিনিধিকে ক্ষতিগ্রস্ত ভবন সমূহ পরিদর্শন করে ব্যবহার উপযোগী কিনা তা যাচাইয়ের জন্য অনুরোধ করা হয়। ভবন নির্মাণের ক্ষেত্রে ভূমিকম্প প্রতিরোধক ভবন নির্মাণের ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হয়। | পরিচালক (অপা: ও মেইন:)/ (পঃ উঃ প্রঃ) ও উপপরিচালক/সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক (সকল) |
| ২. | স্টেশনের সাজ সরঞ্জামাদি সংক্রান্ত | ঝুঁকিপূর্ণ স্টেশনসমূহের গাড়ি, পাম্প কিছুদিন গ্যারেজে না রেখে স্টেশনের খালি জায়গায় রাখতে বলা হয়। উদ্ধার সাজসরঞ্জামাদিসমূহ নিরাপদ স্থানে স্থানান্তরকরত যথাযথভাবে রক্ষণাবেক্ষণ ও কার্যকারিতা নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। আপাততঃ স্টেশনের সদস্যদের ছুটি সীমিত করতে বলা হয়। সকল উপসহকারী পরিচালকগণকে তার আওতাধীন এলাকা সম্পর্কে ভাল ধারণা রাখতে ও একইসাথে মহাপরিচালক মহোদয়ের মোবাইল নম্বর নিজস্ব মোবাইলে সংরক্ষণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ)/ (অপা: ও মেইন:) ও উপপরিচালক/সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক (সকল) |
| ৩. | প্রশিক্ষণ সংক্রান্ত | জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মিডিয়া শিক্ষাপ্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠান সমূহে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণের নির্দেশনা প্রদান করা হয়। স্থানীয় মিডিয়া, ডিস লাইন, স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয়করত সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচার প্রচারণার কার্যক্রম পরিচালনা করতে বলা হয়। এসব প্রশিক্ষণে উর্দ্ধতন কর্তৃপক্ষকেও অংশগ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। যেকোনো দুর্যোগে দক্ষ ভলান্টিয়ারদের অংশগ্রহণ বৃদ্ধির জন্য সতেজকরণ কোর্স চালুর ব্যবস্থা গ্রহণ করতে বলা হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ)/ (পঃ উঃ প্রঃ) ও উপপরিচালক/সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক (সকল) |

SA

| ক্র: | বিষয় | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৪. | তথ্য আদান প্রদান সংক্রান্ত | জরুরি মুহূর্তে কন্ট্রোল রুমে সঠিক তথ্যাদি প্রেরণ করতে হবে। বিভাগীয় পর্যায় হতে সকল তথ্য সংগ্রহ করতে হবে। এসব তথ্যাদির সঠিকতা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট ডিএডিদের সাথে সমন্বয়করত সঠিকতা নিশ্চিত হয়ে whatsapp কমান্ড গ্রুপে প্রেরণ করতে হবে। স্থানীয় কর্তৃপক্ষকে whatsapp গ্রুপে তার আওতাধীন সকলকে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা প্রদান করতে বলা হয়। যেকোনো বড় দুর্ঘটনার ক্ষেত্রে ডিডি/এডিদের সক্রিয় থাকার জন্য বলা হয়। জেলা প্রশাসক, আবহাওয়া দপ্তর, হাসপাতাল, পুলিশ মিডিয়াসহ অন্যান্য নির্ভরযোগ্য সংস্থা হতে তথ্য সংগ্রহ করতে ও নিশ্চিত না হয়ে কোন তথ্য মিডিয়াতে না দেয়ার জন্য নির্দেশনা দেয়া হয়। স্পর্শকাতর বিষয়ে মিডিয়া ব্রিফিং এর সময় অধিকতর সতর্কতা অবলম্বন করতে বলা হয়। অগ্নিকান্ডের সময় ওয়ানস্টপ সার্ভিস এ্যাক্টিভ করতে হবে। এছাড়া যেকোনো দুর্ঘটনায় কন্ট্রোলরুমসমূহ ওয়াসা/বিদ্যুৎ ও উদ্ধারকাজের সাথে সংশ্লিষ্ট সংস্থাসমূহকে সংবাদ প্রদানের জন্য নির্দেশনা দেয়া হয়। যেকোনো দুর্যোগে প্রতি জেলার এডি/ডিএডিগণ নিজ নিজ আওতাধীন এলাকার তথ্য কন্ট্রোলরুমকে অবহিত করবে, কোন সমস্যা না থাকলে সেটিও জানাতে বলা হয়। | পরিচালক (সকল)<br>ও<br>উপপরিচালক/সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক (সকল) |
| ৫. | অন্যান্য সংস্থার সাজ সরঞ্জামাদি সংক্রান্ত | কনস্ট্রাকশন কোম্পানীসহ বিভিন্ন কাজের সাথে সম্পৃক্ত স্থানীয় বিভিন্ন সংস্থার নিকট যাদের উদ্ধার সহযোগী ভেহিক্যাল, উদ্ধার সাজসরঞ্জামাদি, দক্ষ জনবল রয়েছে তাদের সাথে যোগাযোগ স্থাপনের জন্য বলা হয়। তাদের নিকট কি ধরনের সরঞ্জামাদি, ভেহিক্যাল ও সহযোগিতা করার মত ব্যবস্থাদি রয়েছে তার তালিকা, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষের সাথে যোগাযোগের নম্বর সংরক্ষণসহ তাদের সাথে সুসম্পর্ক স্থাপনের নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া দুর্যোগকালীন সময়ে যেসব বাহিনী/সংস্থা সরাসরি অংশগ্রহণ করে তাদের সাথেও সমন্বয়ের কথা বলা হয়। অগ্নিদুর্ঘটনায় গমনের ক্ষেত্রে ট্রাফিক কন্ট্রোল/৯৯৯ এ সংবাদ দেয়ার জন্য বলা হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ)/ (অপা: ও মেইন:)<br>ও<br>উপপরিচালক/সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক (সকল) |
| ৬. | দুর্ঘটনায় সাড়াপ্রদান সংক্রান্ত | ভূমিকম্পের মত দুর্যোগে দ্রুত সাড়াপ্রদানের লক্ষ্যে বিভাগীয় পর্যায়ের (SRT) টিম গঠন ও সক্রিয় থাকতে নির্দেশনা প্রদান করা হয়। কমান্ডগ্রুপে এডি, ডিডিদের উপস্থিত থাকতে বলা হয়। উদ্ধার কার্যক্রম পরিচালনার সময় অফিসারদের পরিহিত পোশাকে নেইম ট্যাগ/পদবি লিখতে ও হেলমেট হলুদ বা অন্য রংয়ের ব্যবহারের জন্য বলা হয় যাতে কমান্ডিং অফিসারকে সহজে চেনা যায়। | পরিচালক (প্রশাসন ও অর্থ)/ (অপা: ও মেইন:)<br>ও<br>উপপরিচালক/সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক (সকল) |
| ৭. | মনিটরিং সেলের কার্যক্রম সংক্রান্ত | বিভাগীয় পর্যায়ের ফায়ার লাইসেন্স, ফায়ার সেফটি প্ল্যান ও কার্যাকারিতা সনদের ব্যাপারে মনিটরিং করতে বলা হয়। প্রয়োজনে এলাকায় গিয়ে পরিদর্শনের জন্য নির্দেশনা প্রদান করা হয় যাতে ভূমিকম্পের মতো বড় দুর্ঘটনার ক্ষেত্রে অপারেশনাল কার্যক্রম পরিচালনা করতে সুবিধা হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ)/ (অপা: ও মেইন:)<br>ও<br>উপপরিচালক/সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক (সকল) |
| ৮. | জাতীয় পতাকা উত্তোলন সংক্রান্ত | দপ্তর ও স্টেশন পর্যায়ে জাতীয় পতাকা উত্তোলনের বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে সিদ্ধান্ত হয় যে, অধিদপ্তর, ট্রেনিং কমপ্লেক্সে জাতীয় ও বিভাগীয় পতাকা এবং বিভাগীয় দপ্তরে বিভাগীয় পতাকা উত্তোলন করতে হবে। বিভাগীয় দপ্তর, জেলা দপ্তর ও ফায়ার স্টেশন পর্যায়ে জাতীয় দিবস বা সরকার কর্তৃক ঘোষিত দিবসসমূহ ব্যতিত জাতীয় পতাকা উত্তোলন করা যাবে না। তবে জেলা দপ্তর ও ফায়ার স্টেশনসমূহে প্রত্যহ বিভাগীয় পতাকা উত্তোলনের সিদ্ধান্ত গৃহীত হয়।। | পরিচালক (প্রশাসন ও অর্থ)/ (অপা: ও মেইন:)/ (পঃ উঃ প্রঃ)<br>ও<br>উপপরিচালক/সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক (সকল) |
| ৯. | বিবিধ | ক. উপপরিচালক(ভারপ্রাপ্ত) রংপুর, জনাব মোঃ আনোয়ারুল হক তার আওতাধীন স্টেশনে এক্সটেনশন কর্ড, মাল্টিপ্লাগ ও এতদসংক্রান্ত অন্যান্য সরঞ্জামাদি নেই উল্লেখ করে তা সরবরাহের অনুরোধ জানান। এরই প্রেক্ষিতে সভায় জানানো হয় স্টেশনে উদ্ধার কাজের জন্য রক্ষিত এক্সটেনশন কর্ড এডি/ডিএডি দপ্তর ও স্টেশনে মাল্টিপ্লাগের মত করে ব্যবহার করা যাবে না।<br>খ. উপসহকারী পরিচালক বাগেরহাট জনাব মোহাম্মদ বজলুর রশিদ তার আওতাধীন চিতলমারি, মোড়লগঞ্জসহ অন্যান্য স্টেশনে লক কাটার, স্প্রেডারসহ | পরিচালক (প্রশাসন ও অর্থ)/ (অপা: ও মেইন:)<br>ও<br>উপপরিচালক/সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক (সকল) |

| ক্র: | বিষয় | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | অন্যান্য প্রয়োজনীয় উদ্ধার সরঞ্জামাদি নেই ও মংলা ইপিজেড ফায়ার স্টেশনে কোন কেমিক্যাল টেন্ডার নেই উল্লেখ করে তা সরবরাহের অনুরোধ জানান। মহাপরিচালক মহোদয় বর্ণিত ক ও খ এর বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক (অপারেশন ও মেইনটেনান্স) কে নির্দেশনা প্রদান করেন। | |

০২। সভায় অন্য কোন আলোচনা না থাকায় অধিদপ্তর কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রম সফলভাবে সম্পন্নকরণের লক্ষ্যে আন্তরিকতা বজায় রেখে সবাইকে ঐক্যবদ্ধ হয়ে কার্যক্রম পরিচালনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
ব্রিগেডিয়ার জেনারেল
মুহাম্মদ জাহেদ কামাল, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি
মহাপরিচালক

স্মারক নং : ৫৮.০৩.০০০০.০০০.০২০.৯৯.০০০৫.২৫.১১২

তারিখ : ৩০ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:</u>

১. পরিচালক (প্রশাসন ও অর্থ/অপারেশন ও মেইনঃ/প্রশি:, পরি: ও উন্নয়ন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২. উপপরিচালক (প্রশাসন ও অর্থ/পরিকল্পনা/অ্যাম্বুলেন্স/উন্নয়ন/অপারেশন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩. অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৪. উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
৫. সহকারী পরিচালক (প্রশাঃ ও অর্থ/ক্রয় ও স্টোর/অপারেশন/ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন/পরিকল্পনা/উন্নয়ন/প্রশিক্ষণ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৬. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ..............................................................(সকল)।
৭. সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৮. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,.................................................................(সকল)।
১০. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, মিডিয়া সেল/আইসিটি সেল/রিফর্ম সেল।
১১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১২. সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ................................(সকল)।
১৩. শাখা প্রধান .............................................।
১৪. অফিস কপি।

৩০/১১/২০২৫

মোঃ শহীদ আতাহার হোসেন
পরিচালক (প্রশাসন ও অর্থ)